

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৯৪

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মোজায় মাসহ করা।

باب فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

وَيُرَوَّى عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، قَالَ رَأَيْتُ جَرِيرَ بْنَ عَبْدِ اللَّهِ تَوَضَّأَ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ فَقُلْتُ لَهُ فِي ذَلِكَ فَقَالَ رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ .
فَقُلْتُ لَهُ أَقْبَلَ الْمَائِدَةَ أَمْ بَعْدَ الْمَائِدَةِ فَقَالَ مَا أَسْلَمْتُ إِلَّا بَعْدَ الْمَائِدَةِ . حَدَّثَنَا بِذَلِكَ قُتَيْبَةُ حَدَّثَنَا خَالِدُ بْنُ زِيَادٍ التِّرْمِذِيُّ عَنْ مُقَاتِلِ بْنِ حَيَّانَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ عَنْ جَرِيرٍ .
قَالَ وَرَوَى بَقِيَّةٌ عَنْ إِبْرَاهِيمَ بْنِ أَدْهَمَ عَنْ مُقَاتِلِ بْنِ حَيَّانَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ عَنْ جَرِيرٍ . وَهَذَا حَدِيثٌ مُفَسَّرٌ لِأَنَّ بَعْضَ مَنْ أَنْكَرَ الْمَسْحَ عَلَى الْخُفَّيْنِ تَأَوَّلَ أَنَّ مَسْحَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْخُفَّيْنِ كَانَ قَبْلَ نُزُولِ الْمَائِدَةِ وَذَكَرَ جَرِيرٌ فِي حَدِيثِهِ أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسَحَ عَلَى الْخُفَّيْنِ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ .

বাংলা

৯৪. শাহর ইবনু হাওশাব (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ আমি জারীর ইবনু আবদিলাহ রাদিয়াল্লাহু আনহু কে উযু (ওজু/অজু/অযু) করতে দেখেছি। তিনি তাঁর মোযার উপর মাসেহ করেছেন। তখন তাঁকে এই বিষয়ে আমি জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে উযু (ওজু/অজু/অযু) করতে দেখেছি। তিনি মোযায় মাসেহ করেছেন। আমি তখন জারীরকে বললামঃ সূরা মাইদা নাযিল হবার আগে না পরে তিনি তা করেছেন? জারীর বললেনঃ আমি তো সূরা মাইদা নাযিলের পরেই ইসলাম গ্রহণ করেছি। -
ইরওয়া ১/১৩৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৪ [আল মাদানী প্রকাশনী]

কুতায়বা শাহর ইবনু হাওশাবের সূত্রে জারীর রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। বাকিয়্যা (রহঃ) তাঁর সনদে জারীর রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদিসটি বর্ণনা করেছেন। এই হাদিসটি স্বব্যখ্যায়িত। মোযায় মাসেহ করার কথা যারা অস্বীকার করেন তাদের কেউ কেউ এর ব্যাখ্যা দেন যে, সূরা মাইদার হুকুম নাযিল হওয়ার পূর্বে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মোযায় মাসেহ করেছেন। জারীর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি কারণে এই ধরনের ব্যাখ্যার কোন অবকাশ থাকেনা। কেননা, তিনি স্পষ্ট

উল্লেখ করেছেন যে, মাইদার আয়াত নাযিল হওয়ার পর তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মোষায় মাসেহ করতে দেখছেন।

English

It has been related from Sahr bin Hawshah that he said:
 "I saw Jarir bin 'Abdullah performing Wudu and he wiped over his Khuff. I asked him about that. He replied, 'I saw Allah's Messenger performing Wudu and he wiped over his Khuff.' So I said to him, before Surah Al-Ma'idah (was revealed) or after Al-Ma'idah?' So he replied, 'I did not accept Islam until after Al-Ma'idah.'" Qutaibah narrated this to us; (saying) Khalid bin Ziyad At-Tirmidhi narrated it to us, from Muqatil bin Hayyan, from Shahr bin Hawshah, from Jarir. He said: Baqiyyah related it from Ibrahim bin Adham from Muqatil bin Hayyan, from Shahr bin Hawshah, from Jarir. This Hadith is explanatory, because some who dislike wiping over the Khuff give the interpretation that the Prophet's wiping over the two Khuff was before the revelation of Surah Al-Ma'idah. But in his Hadith, Jarir mentions that he saw the Prophet wiping over his Khuff after the revelation of Surah Al-Ma'idah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ শাহর ইবনু হাওশাব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16417>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন